জেন-জি আন্দোলনে নেপাল উত্তপ্ত, পরিস্থিতি সামলাতে কারফিউ জারি



সংগৃহীত ছবি

নেপালে সরকার পতনের মাত্র দুই মাস পর আবারও রাজপথ উত্তেজনায় উত্তাল। বৃহস্পতিবার (২০ নভেম্বর) বারা জেলা জুড়ে জেন-জি প্রজন্মের তরুণরা বিক্ষোভে নামে বলে জানিয়েছে এনডিটিভিসহ আন্তর্জাতিক গণমাধ্যম।

সংকটের সূত্রপাত ঘটে বুধবার সিমারা এলাকায়। একই সময় ও স্থানে জেন-জিদের সমাবেশ এবং প্রাক্তন প্রধানমন্ত্রী কে.পি. শর্মা ওলির দল সিপিএন–ইউএমএল–এর সমাবেশ অনুষ্ঠিত হলে দুই পক্ষের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। হাতাহাতি থেকে সংঘর্ষে রূপ নেওয়া ঘটনায় অন্তত ছয় জেন-জি সমর্থক আহত হন। ঘটনার পরপরই প্রশাসন এলাকায় কারফিউ জারি করে।

হামলাকারীদের গ্রেপ্তারের দাবিতে পরদিন আরও বৃহৎ সংখ্যায় রাস্তায় নামে তরুণরা। তাদের অভিযোগ—যাদের বিরুদ্ধে মামলা করা হয়েছে, তাদের কয়েকজনকে এখনো গ্রেফতার করেনি পুলিশ। এসময় পরিস্থিতি উত্তপ্ত হয়ে পড়ে এবং পুলিশের সঙ্গে সংঘর্ষ বাধে বিক্ষোভকারীদের।

চাপ বেড়ে গেলে কর্তৃপক্ষ কারফিউয়ের মেয়াদ বাড়িয়ে বৃহস্পতিবার রাত ৮টা পর্যন্ত কার্যকর রাখে।